অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আরো 12 টি কাউন্টির জন্য ড্রট ওয়ার্নিং জারি করতে, ড্রট ওয়াচে 6টি কাউন্টিকে যোগ করতে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনকে নির্দেশ দিয়েছেন

নিউ ইয়র্কবাসীকে চলমান শুকনো অবস্থানই পানি সংরক্ষণ করতে তাগিদ দেওয়া হচ্ছে

নিউ ইয়র্ক স্টেটের খরার অবস্থার মানচিত্র দেখুন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেটের (New York State) ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনকে (Department of Environmental Conservation, DEC) সাথে নিয়ে ঘোষণা করেছেন যে অ্যাডিরন্ড্যাক (Adirondack) এবং সাউদার্ন টিয়ার (Southern Tier) অঞ্চলের 12 টি কাউন্টির জন্য ড্রট ওয়ার্নিং (drought warning) জারি করা হয়েছে এবং সাসকুয়েহানা (Susquehanna) অঞ্চলের আরো ছয়টি কাউন্টিতে যে ড্রট ওয়াচ (drought watch) বাড়ানো হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট সকল বাসিন্দা, বিশেষ করে যারা বেসরকারি মাটির নিচের পানির কুয়ার উপর নির্ভরশীল, তাদেরকে আগামী সপ্তাহগুলিতে যখনই সম্ভব পানি সংরক্ষণ করার জন্য উৎসাহিত করছে।

"স্বাভাবিকের থেকে কম বৃষ্টি হওয়ার কারণে নিউ ইয়র্কের অনেক কাউন্টিতে শুকনো অবস্থা তৈরি হয়েছে, যার ফলে অ্যাডিরন্ড্যাক এবং সাউদার্ন টিয়ারের কাউন্টিগুলিকে ড্রট ওয়ার্নিং অবস্থা জারি করা হয়েছে এবং সাসকুয়েহানার কাউন্টিগুলোয় দ্রুত ওয়াচ জারি করা হয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ক স্টেটের বিশেষজ্ঞরা ডেটা ও মাটির অবস্থার উপর কাছ থেকে নজর রাখছেন, এবং আমরা কমিউনিটি, ফার্মার এবং স্থানীয় পানি সরবরাহকারীদের সমর্থন করতে সক্রিয় পদক্ষেপ নিচ্ছি। একই সময়ে আমরা সবাইকে পানি সংরক্ষণ করার জন্য তাদের দায়িত্ব পালন করতে তাগিদ দিচ্ছি যাতে আমরা আমাদের রিসোর্সের উপর থেকে চাপ কম করতে পারি এবং সামনের সপ্তাহগুলিতে আরো চরম প্রভাব প্রতিরোধ করতে পারি।"

এখন নিউ ইয়র্ক সিটি (New York City) এবং ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টি ছাড়া পুরো স্টেটে একটি ড্রট ওয়াচ বা ওয়ার্নিং কার্যকর আছে। অঞ্চলের খোঁড়ার অবস্থা এখন নির্ণয় করবে নিউ
ইয়র্ক সিটি এবং DEC-এর সাথে ব্যাপক সমন্বয়ের মাধ্যমে তা করবে। স্টেটে খরার সতর্কতার চারটি পর্যায় আছে: ওয়াচ, ওয়ার্নিং, ইমার্জেন্সি, এবং ডিজেস্টার। ড্রট ওয়াচ বা ওয়ার্নিংয়ের সময়

স্টেটের কোনো বাধ্যতামূলক বিধিনিষেধ নেই। একটি ওয়ার্নিংয়ের ঘোষণা হলো সামনের দিনের এবং আসন্ন তীব্র খরা পরিস্থিতির একটি সতর্কতা এবং এর মধ্যে জনসচেতনতা বাড়ানো এবং স্বেচ্ছায় পানি সংরক্ষণ সংরক্ষণ করতে বলা হয়। সরকারি পানি সরবরাহ সরবরাহকারী এবং ইন্ডাস্ট্রিকে স্থানীয় খরা পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা বাস্তবায়ন করতে থাকার জন্য তাগিদ দেওয়া হচ্ছে।

ড্রট ওয়ার্নিংয়ের অধীনে থাকা কাউন্টিগুলি হলো অ্যালেগানি (Allegany), ক্যাটারাগাস (Cattaraugus), শেমাঙ্গ (Chemung), ক্লিন্টন (Clinton), এসেক্স (Essex), ফ্র্যাঙ্কলিন (Franklin), হ্যামিল্টন (Hamilton), নর্দার্ন হারকাইমার (Herkimer), লুইস (Lewis), স্টুবেন (Steuben), সেইন্ট লরেন্স (St. Lawrence), এবং ওয়ারেন (Warren)। ড্রট ওয়াচে যোগ করা কাউন্টিগুলি হলো ব্রুম (Broome), শেনাঙ্গ (Chenango), কর্টল্যান্ড (Cortland), ওটসেগো (Otsego), ম্যাডিসন (Madison), এবং টিয়োগা (Tioga)।

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "খরার প্রস্তুতি এবং প্রতিরোধের জন্য প্রয়োজন সকল নিউ ইয়র্কবাসীর সক্রিয়, সমন্বিত চেষ্টা যাতে আমাদের পরিবেশ, জনস্বাস্থ্য, এবং অর্থনীতিকে প্রভাবিত করবে এমন একটি পানি সঙ্কট প্রতিরোধ করা যায়। ঘরের বাইরে পানি ব্যবহার কমানো এবং বাড়িতে ও ব্যবসায় লীক পরীক্ষা করা পানি সংরক্ষণ করার ব্যাপারে এবং পানির রিসোর্স দীর্ঘমেয়াদি প্রভাব ফেলতে পারে এমন অবস্থা প্রতিরোধ করতে অনেক সাহায্য করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের অনেক অংশের জন্য বৃষ্টির পূর্বাভাস আছে, কিন্তু ন্যাশনাল ওয়েদার সার্ভিসের পূর্বাভাস থেকে মনে হচ্ছে শুকনো অবস্থা থেকে উল্লেখযোগ্য রিলিফ পাওয়ার সম্ভাব্য খুবই কম। গত 90 দিনে যে বৃষ্টিপাত দেখা গেছে তা প্রায় পুরো স্টেটেই স্বাভাবিকের থেকে কম। পুরো স্টেটে দুই থেকে আট ইঞ্চির মধ্যে বৃষ্টিপাতের ঘাটতি দেখা গেছে। ঝর্ণার প্রবাহ এবং মাটির নিচের পানির মাত্রা কিছু এলাকায় কমে যাচ্ছে।

স্টেটের ড্রট ইনডেক্স

নিউ ইয়র্কে ড্রটের অবস্থার নির্ণয় স্টেটের ড্রট ইনডেক্স (State Drought Index) ব্যবহার করে করা হয় যা নিউ ইয়র্ক স্টেটের বিশেষ বৈশিষ্ট্য ব্যবহার করে, তাই এটি জাতি ড্রটের যাচাই থেকে আলাদা হতে পারে। পাশাপাশি স্থানীয় পরিস্থিতি আলাদা আলাদা হতে পারে, তাই স্টেটের কিছু এলাকা হয়তো স্থানীয় কেন্দ্রিক নির্ণায়ক ব্যবহার করে খরার মাত্রা নিজস্বভাবে নির্ণয় করবে। বিশেষ পরিস্থিতি অনুযায়ী পানি সংরক্ষণ করার ব্যবস্থা নিতে স্থানীয় সরকার এবং স্টেকহোল্ডারদের চেষ্টাকে DEC সমর্থন করে।

খরার প্রস্তুতি

খরার পরিস্থিতির কারণে কিছু কিছু ক্ষেত্র প্রভাবিত হতে পারে, যেমন পানির সরবরাহ, কৃষি, ইকোসিস্টেম, নৌ চলাচল এবং পরিবহন, এনার্জি এবং উৎপাদন, এবং পরিকল্পনা ও প্রস্তুতি।

খরার প্রস্তুতির মধ্যে রয়েছে সম্ভাব্য খরা সম্পর্কে প্রাথমিক সচেতনতার জন্য জলবায়ুর এবং পরিস্থিতির পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা এবং খরার প্রভাব সবথেকে কম করার জন্য অল্প ও দীর্ঘমেয়াদী প্রোগ্রাম ও প্রজেক্ট বাস্তবায়ন। পুরো স্টেটের হাইড্রোলজিক অবস্থা যাচাই করে

দেখার ব্যাপারে DEC এবং ইউনাইটেড স্টেটস (United States, U.S.) Geological Survey পার্টনার হয়ে কাজ করবে।

স্টেটের ড্রট ম্যানেজমেন্ট টাস্ক ফোর্স খরার পরিস্থিতি পর্যবেক্ষণ করে, তথ্য আদানপ্রদান করে, এবং প্রভাবিত কমিউনিটিগুলির সাথে সমন্বয় করে। টাস্ক ফোর্সের পরিচালনা করে স্টেটের ড্রট ম্যানেজমেন্ট কোঅর্ডিনেশন অ্যানেক্স (State Drought Management Coordination Annex), যাদের মনোযোগ হলো গবেষণা, পর্যবেক্ষণ এবং সম্ভাব্য লেজিস্লেটিভ পদক্ষেপের উপর যা খরার প্রভাব প্রতিরোধ ও প্রশমন করতে সহজে করবে। টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে আছে DEC, নিউ ইয়র্ক স্টেট অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management), ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health), ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Department of Agriculture and Markets), ক্যানাল অথোরিটি (Canal Authority), থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority), এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority)। সমন্বিত প্রস্তুতি এবং সাড়াদানের চেষ্টা দিয়ে কমিউনিটি এবং বাণিজ্যের উপর খরা পরিস্থিতির প্রভাবকে কমানো যাবে।

আপনার পানি সম্পর্কে জানুন

খরার প্রস্তুতি, প্রভাব, এবং সাড়াদানের নোটিশ ও কর্মকান্ড সম্পর্কে তথ্যের জন্য জনগণ তাদের স্থানীয় ওয়াটার সিস্টেমের সাথে যোগাযোগ করতে পারবেন। পানি সংরক্ষণের ব্যাপারে জনগণের জন্য বাড়তি পরামর্শ এছাড়াও প্রত্যেকটি ওয়াটার সিস্টেমের বার্ষিক পানির মানের রিপোর্টে (Annual Water Quality Report, AWQR) পাওয়া যাবে।
ওয়াটার সিস্টেমের যোগাযোগের তথ্য এবং AWQR অ্যাক্সেস করা যাবে নো ইয়োর NY ওয়াটার (Know Your NY Water) ওয়েবসাইট থেকে বা ওয়াটার সিস্টেমের নিজস্ব ওয়েবসাইট থেকে।

ফার্মারদের জন্য সমর্থন

সুপারিশ করা হচ্ছে যাতে ফার্মের পানির সরবরাহগুলিকে নিয়মিত পর্যবেক্ষণ করা হয়, এবং কোনো চিন্তার কারণ থাকলে তা কাউন্টি জরুরি ব্যবস্থাপনা এবং স্থানীয় সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন ডিসট্রিক্টকে (Soil and Water Conservation Districts) জানানো হয়। কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন ডিজাস্টার এডুকেশন নেটওয়ার্ক (Cornell Cooperative Extension Disaster Education Network) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস বাড়তি রিসোর্স ও স্থানীয় সমর্থন দিয়ে থাকে।

ইকোসিস্টেম

খরার পরিস্থিতি জলজ এবং স্থলজ ইকোসিস্টেমকে প্রভাবিত করতে পারে। ঝড়ের প্রবাহ কমে গেলে তা জলজ জীবনের স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে। বৃষ্টিপাত কমে যাওয়া গাছের বিকাশ কমানোর মাধ্যমে স্থলজ গাছ ও প্রাণীকে প্রভাবিত করে। খরার পরিস্থিতি ক্ষতিকর শৈবাল ব্লুমের Harmful Algae Bloom (HAB) গঠন হওয়ার পেছনের একটি কারণ হতে পারে। শান্ত, রোদে ভরা এবং গরম দিন এবং পরিবর্তিত মিক্সিং ডাইনামিকের মতো অন্যান্য কারণেও HAB গঠনের জন্য অনুকূল পরিস্থিতি তৈরি করতে পারে। বর্তমানে ব্লুম আছে এমন জলাশয়ের জন্য DEC একটি HABs রিপোর্টিং এবং নোটিফিকেশন পেজ রেখেছে।

দাবানল প্রতিরোধ

যখন দাবানলের ঝুঁকি বেড়ে যায়, ফায়ার ডিপার্টমেন্টগুলির উচিত তাদের পানির উৎসে যথাযথ সরবরাহ আছে কিনা এবং ড্রাই হাইড্রেন্টের ইনটেক যথাযথভাবে ডুবে আছে কিনা তা চেক করে দেখা।
বাসিন্দাদের উচিত কোনো আগুন জ্বালানোর আগের স্থানীয় কর্তৃপক্ষের থেকে জেনে নেওয়া যে পোড়ানোর ক্ষেত্রে কোনো নিষেধাজ্ঞা আছে কিনা এবং নিশ্চিত করা যাতে ক্যাম্প ফায়ার এবং সিগারেটের মতো যেকোনো সম্ভাব্য আগুনের উৎস সম্পূর্ণভাবে নিভিয়ে ফেলা হয়।

বেসরকারি পানির কুয়ার সহায়তা
খরার কারণে প্রভাবিত হতে পারে এমন পানির কুয়ার ব্যাপারে সাহায্যের জন্য:

- আপনার বিশেষ প্রয়োজনের জন্য যথাযথ বিকল্প নিয়ে আলোচনা করার জন্য একজন রেজিস্টার্ড ওয়াটার ওয়েল কনট্রাক্টরের সাথে যোগাযোগ করুন।
- কুয়াটি খরার কারণে শুকিয়ে গেছে না অন্য কোনো সমস্যা আছে তা চেক করে দেখুন। মাঝেমাঝে সমাধান খুব সহজ হয়, যেমন ভাঙ্গা ভালভ বা ইলেক্ট্রিক্যাল সমস্যা। কুয়া শুকিয়ে গেছে কিনা তা একদম নিশ্চিত করে বলার একমাত্র উপায় কুয়ার পানির লেভেল মেপে দেখা।
- পানির কুয়ায় খরার প্রভাব এড়াতে সাহায্য করার জন্য সারা বছর পানি সংরক্ষণ করুন।
- খরার মৌসুম পার করার জন্য একটি পানির স্টোরেজ ট্যাঙ্ক লাগানোর কথা ভাবুন।
- যে কুয়া আছে তা পরিষ্কার বা পুর্নগঠন করুন।
- যে কুয়া আছে তা গভীর করুন বা নতুন কুয়া খুঁড়ে নিন। নতুন কুয়া খুঁড়তে হলে, ভূগর্ভস্থ পানির মান রক্ষা করার জন্য পুরোনো কুয়াকে সঠিকভাবে ডিকমিশন করে নিন।

পানি সংরক্ষণ করার পরামর্শ
পানি সম্পদ রক্ষা করার জন্য, পানি ব্যবহারকারীদেরকে স্বেচ্ছায় ঘরের বাইরে পানির ব্যবহার কমাতে এবং এই পরামর্শগুলি মেনে চলতে উৎসাহিত করা হচ্ছে:

- যখন প্রয়োজন হবে শুধু তখনই লনে পানি দিন, পানি দেওয়ার জন্য এমন পদ্ধতি বেছে নিন যেখানে অপচয় হবে না, এবং পানি বাষ্প হয়ে যাওয়া কমাতে এবং মাটিতে সর্বোচ্চ হাইড্রেশনের জন্য সকাল সকাল পানি দিন;
- বৃষ্টির ব্যারেলে, ডিহিউমিডিফায়ারে বা এয়ার কন্ডিশনারের জমা থাকা পানি গাছে পানি দিতে আবার ব্যবহার করুন;

- লন মোয়ারের কাটার উচ্চতা বাড়ান। লম্বা ঘাস শক্তিশালী শিকড় সহ বেশি সুস্থ্য হয় এবং কম জলের প্রয়োজন হয়;
- ড্রাইভয়ে এবং সাইডওয়াক পরিষ্কার করতে হোসের বদলে ঝাড়ু ব্যবহার করুন;
- ফাটা পাইপ, হোস, এবং ফসেট মেরামত করুন;
- থালাবাটি ও কাপড়চোপড় শুধু ফুল লোডে ধুবেন;
- অল্প সময়ে গোসল শেষ করুন বা বাথটাব অর্ধেক ভরুন;
- পানি বাঁচায় এমন প্লাম্বিং ফিক্সচার লাগান;
- পানি গরম বা ঠাণ্ডা করার জন্য কলের পানি ফেলে দিবেন না; এবং
- গাড়ি কম ধুবেন।

আরো পানি বাঁচানোর পরামর্শের জন্য, DEC-এর ওয়াটার ইউজ অ্যান্ড কনজার্ভেশন (Water Use & Conservation) ওয়েবপেজে যান। নিউ ইয়র্কের খরা সম্পর্কে আরো তথ্যের জন্য DEC-এর ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন